



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢা/শি/বো/৬৬৬/ঢাকা/ ১২১০(ক)

তারিখ: ১৬/১১/২০২২

বিষয়: ব্যখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র: সামাজিক যোগাযোগ মাধ্যম (Facebook) এ প্যারাডাইজ ইন্টারন্যাশনাল হাই স্কুলের বিরুদ্ধে বিরূপ প্রচার।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করেছেন, দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে দেখা যায়:

- ১। দীর্ঘদিন ধরে বিদ্যালয়টি কমিটি বিহীন পরিচালিত হচ্ছে;
 - ২। ৩১/১২/২০২১ তারিখে পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও বিনা অনুমতিতে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা;
 - ৩। বিনা অনুমতিতে প্রভাতি ও দিবা শাখা খুলে পাঠদান কার্যক্রম চালানো;
 - ৪। পাঠ্যবই বা সিলেবাসের বাইরে গিয়ে মুসলিম শিক্ষার্থীদের নামাজ বাধ্যতামূলক করে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা এবং এতে অন্যান্য সামাজিক প্রচার মাধ্যমে বিরূপ মন্তব্য করে ধর্মীয় উন্মাদনা সৃষ্টি করা;
 - ৫। প্রধান শিক্ষক মো: শহীদুর রহমান নিজেই প্রতিষ্ঠাতা হিসাবে পরিচিতি মূলক নাম ফলক ব্যবহার করা;
 - ৬। সহ-শিক্ষা মূলক পাঠদানে বিরত এবং শ্রেণি উপযোগি কক্ষ তৈরী না করা;
 - ৭। বিদ্যালয়ের ক্যাশ বই/ কলামের ক্যাশ বইতে আয়- ব্যয়ের কোন হিসাব রাখা হয় না, এক্ষেত্রে সরকারি/ বেসরকারি কোন অডিট করা হয়নি।
- এমতাবস্থায় উক্ত অনিয়ম গুলোর কারণে কেন বিদ্যালয়ের পাঠদানে প্রাথমিক অনুমতি প্রত্যাহার সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে পত্র ইস্যু তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে সুস্পষ্ট ব্যখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রধান শিক্ষক
প্যারাডাইজ ইন্টারন্যাশনাল হাই স্কুল
মিরপুর, ঢাকা।

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

মেমো নং- ১২১০(ক) (৫)

তারিখ: ১৬/১১/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঢাকা।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৫। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

১৬/১১/২০২২

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

১৬/১১/২০২২